গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.ssd.gov.bd

স্মারক নং- ৫৮.০০.০০০০.০১২.০৯.০৪৫.১৭-৪৭৪

তারিখ : ২৮ শ্রাবণ ১৪২৭ / ১২ আগস্ট ২০২০

**বিষয় : স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রমের জন্য এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ সভার কার্যবিবরণী

১২.০৮.২০২০
(মোঃ আবদুল কাদির)
উপসচিব
ফোন#: +৮৮০২-৪৭১২৪৩৫৯
ই-মেইল #: admin1@ssd.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

**সুরক্ষা সেবা বিভাগ :**

১. অতিরিক্ত সচিব........................... (সকল),সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা;
২. যুগ্মসচিব................................... (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা;
৩. উপসচিব.....................................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা;
৪. উপপ্রধান (পরিকল্পনা),সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা;
৫. সিনিয়র সহকারী সচিব.....................(সকল), সুরক্ষা সেবা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা;
৬. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা;
৭. সিনিয়র সহকারী প্রধান, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা;
৮. প্রোগ্রামার, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। সভার নোটিশ ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ; এবং
৯. সহকারী সচিব............................... (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

**অধিদপ্তরসমূহ :**

১. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা;
২. মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা;
৩. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা; এবং
৪. কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং- ৫৮.০০.০০০০.০১২.০৯.০৪৫.১৭-৪৭৪

তারিখ : ২৮ শ্রাবণ ১৪২৭ / ১২ আগস্ট ২০২০

**অনুলিপি :**

১. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা;
২. সচিব-এর একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা;
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) এর ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

১২.০৮.২০২০
(মোঃ আবদুল কাদির)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন- ১ শাখা
www.ssd.gov.bd

**স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদৎ বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. তরুণ কান্তি শিকদার, অতিরিক্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : | ১২ আগস্ট ২০২০, বেলা : ৩.০০ ঘটিকা |
| স্থান | : | Zoom Application Platform |
| উপস্থিত কর্মকর্তাগণের তালিকা | : | পরিশিষ্ট-'ক' |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন।

২। সভায় জানানো হয়, যথাযথ মর্যাদায় জাতীয় শোক দিবস গভীর শ্রদ্ধার সাথে পরিপূর্ণ মর্যাদায় পালনের লক্ষ্যে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধিদপ্তরসমূহ হতে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সভাপতি বলেন, জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে ১৫ আগস্ট ২০২০ তারিখে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং এর অধিদপ্তরসমূহে, জেলা ও উপজেলা পর্যায়ের সকল দপ্তরে জাতীয় পতাকা অর্ধনমিত রাখাসহ অন্যান্য কর্মসূচি পালন বিষয়ে বিস্তারিত আলোচনার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি তিনি দৃষ্টি আকর্ষণ করেন। এ সময় জাতীয় শোক দিবস উৎযাপনের জন্য ধানমন্ডি ৩২ নম্বরে অনুষ্ঠেয় কর্মসূচির জন্য এ বিভাগ কর্তৃক মনোনীত ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব এ এস এম জাকির হোসেন (যুগ্মসচিব) ও বনানী কবর স্থানের জন্য মনোনীত ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ যাহিদ হোসেন (যুগ্মসচিব) জানান, এতদ্বিষয়ে সকল প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব জনাব সোলতান আহমদ-এর নেতৃত্বে সরেজমিনে অনুষ্ঠানস্থল পরিদর্শন করা হয়েছে। ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ নির্ধারিত সময় ও স্থানে উপস্থিত থেকে সকল কর্মসূচিতে অংশগ্রহণ করবেন মর্মে সভাকে অবহিত করেন।

অতঃপর সভাপতি উপস্থিত মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরসহ অন্যান্য অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে স্ব স্ব অধিদপ্তর কর্তৃক কী কী কর্মসূচি গ্রহণ করা হয়েছে সে বিষয়ে তাঁদের কর্মপরিকল্পনা সভায় উপস্থাপনের অনুরোধ করেন।

## ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরঃ

মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর জানান, ধানমন্ডির ৩২ নম্বরে, বনানী কবরস্থানে ও টুঙ্গিপাড়াস্থ জাতির পিতার সমাধিস্থলে ফায়ার সার্ভিসের অগ্নিনির্বাপণী গাড়ি মোতায়েন করা হবে। একই সাথে ধানমন্ডির ৩২ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের নিকটস্থ অঞ্চলটি লেক বিবেচনায় একটি ডুবুরি টিম নিয়োজিত রাখতে ব্যবস্থা নেয়া হবে। জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদায় পালনের লক্ষ্যে দেশের সকল ফায়ার স্টেশন, ট্রেনিং সেন্টার, দপ্তর, সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানে জাতীয় পতাকা অর্ধনিমিত রাখা হবে। জনসমাগমের গুরুত্ব



৩.৭

বিবেচনায় ধানমন্ডির পার্শ্ববর্তী সকল ফায়ার স্টেশনগুলোকে অধিকতর সতর্ক অবস্থায় থাকার জন্য নির্দেশনা প্রদান করা হবে।

মহাপরিচালক ফায়ার সার্ভিস জানান দেশের প্রতিটি ফায়ার স্টেশনে জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ১৫টি করে বৃক্ষ রোপণ করা হবে। যথাযথ স্বাস্থ্যবিধি মেনে শিশু কিশোরদের মধ্যে চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও জাতির পিতার কর্মময় জীবন ও বর্ণিল ব্যক্তিত্ব প্রামাণ্যচিত্রে তুলে ধরা হবে। জাতির পিতা ও পরিবারের সদস্যদের বিদেহী আত্মার শান্তি কামনায় এ অধিদপ্তর সংশ্লিষ্ট সকল মসজিদে দোয়া ও বিশেষ মোনাজাতের ব্যবস্থা করা হবে।

## কারা অধিদপ্তরঃ

**কারা মহাপরিদর্শক কর্তৃক মনোনীত ফোকাল পয়েন্ট কর্মকর্তা মুহাম্মদ মঞ্জুর হোসেন (সহকারী কারা মহাপরিদর্শক প্রশাসন) জানান,** শোক দিবস উপলক্ষ্যে শহীদদের স্মরণে বিশেষ মোনাজাত ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হবে। মাসব্যাপী বৃক্ষরোপণ অভিযান অব্যাহত থাকবে; এ বিশেষ দিবসে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরকে পরিস্কার-পরিচ্ছন্নপূর্বক যথাযথ মর্যাদায় অনুষ্ঠান পালনের উপযোগী করে তোলা হবে। বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের অন্যান্য সদস্যদের স্মরণে ব্যানার প্রদর্শন করা হবে;

## মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরঃ

**মহাপরিচালক কর্তৃক মনোনীত ফোকাল পয়েন্ট কর্মকর্তা মোঃ আজিজুল ইসলাম (পরিচালক প্রশাসন) জানান,** প্রধান কার্যালয়সহ অধিদপ্তরের সকল জেলা পর্যায়ের কার্যালয়ে জাতীয় পতাকা অর্ধনিমিত রাখা হবে, জাতীয় শোক দিবস উপলক্ষ্যে দেশব্যাপী ১০৫০টি বৃক্ষ রোপণ করা হবে, শোক দিবস উপলক্ষ্যে শহীদদের স্মরণে বিশেষ মোনাজাত ও মিলাদ মাহফিল এর আয়োজন করা হবে।

## ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরঃ

**মহাপরিচালক কর্তৃক মনোনীত ফোকাল পয়েন্ট কর্মকর্তা (পরিচালক প্রশাসন) জানান,** দেশের ৭২টি পাসপোর্ট অফিসে সর্বমোট ২১০টি গাছ রোপণ করা হবে। অধিদপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারীগণ কর্তৃক কালো ব্যাচ ধারণ করা হবে। প্রামাণ্যচিত্র প্রদর্শনির আয়োজন করা হবে। বঙ্গবন্ধুর জীবন ও কর্ম নিয়ে আলোচনা করা হবে । মিলাদ ও দোয়া মাহফিল এর আয়োজন করা হবে।

**অত:পর বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :**

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১. | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসরণপূর্বক জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে যথাযোগ্য মর্যাদায় কর্মসূচি পালন করা। | অধিদপ্তর প্রধান (সকল) |

| | | |
|---|---|---|
| ২. | জাতীয় শোকদিবসে সকল অধিদপ্তর ও এর মাঠ পর্যায়ের সকল দপ্তরে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা ও সকল কর্মকর্তা/কর্মচারীগণ কর্তৃক কালো ব্যাজ ধারণ করা। | অধিদপ্তর প্রধান (সকল) |
| ৩. | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক প্রয়োজনীয় জনবল ও সরঞ্জামাদিসহ যেমন-অগ্নিনির্বাপণী গাড়ি, প্রয়োজনীয় সংখ্যক ডুবুরি ও অ্যাম্বুলেন্স মোতায়েনসহ যথাযথা ব্যবস্থা গ্রহণ করা। | মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| ৪. | অধিদপ্তর ও মাঠ পর্যায়ের সকল কার্যালয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কর্ম নিয়ে আলোচনা সভার আয়োজন করা। | অধিদপ্তর প্রধান (সকল) |
| ৫. | সভায় আলোচনা মোতাবেক অধিদপ্তরসমূহের মাঠ পর্যায়ের সকল কার্যালয়ের খালি জায়গায় ফলজ, বনজ ও ঔষধি বৃক্ষ রোপণ করা। | অধিদপ্তর প্রধান (সকল) |
| ৬. | যথাযথ স্বাস্থ্যবিধি মেনে অধিদপ্তরের অধীন কার্যালয়সমূহ জেলা প্রশাসনের সাথে যোগাযোগ/সমন্বয় করে দোয়া ও মিলাদ মাহফিল-এর মত কর্মসূচির আয়োজন করা। | অধিদপ্তর প্রধান (সকল) |
| ৭. | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের প্রধান কার্যালয়ে চিত্রাঙ্কন কর্মসূচির আয়োজন করা। | মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| ৮. | ঢাকা পুরাতন কেন্দ্রীয় কারা অভ্যন্তরে অবস্থিত 'বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর' পরিষ্কার-পরিচ্ছন্ন রাখাসহ অনুষ্ঠান আয়োজনের যথাযথ ব্যবস্থা গ্রহণ করা। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর |
| ৯. | ঢাকা পুরাতন কেন্দ্রীয় কারাগারে অবস্থিত বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে পুষ্পার্ঘ অর্পণ । | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর |
| ১০. | জাতীয় শোকদিবসের অনুষ্ঠানকালে জরুরি প্রয়োজনের ব্যবহারের জন্য প্রয়োজনীয় সংখ্যক গাড়ি প্রস্তুত রাখা । | উপসচিব (প্রশাসন-২) সুরক্ষা সেবা বিভাগ |
| ১১. | এ বিভাগ ও অধিদপ্তরসমূহের অংশগ্রহণকারী সকল কর্মকর্তা/কর্মচারীকে স্বাস্থ্য সেবা বিভাগ হতে জারিকৃত স্বাস্থ্যবিধি যথাযথাভাবে অনুসরণ করে কর্মসূচিতে অংশগ্রহণ করা। | অধিদপ্তর প্রধান (সকল) |

২। সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে তাদের দক্ষতা ও অভিজ্ঞতা কাজে লাগিয়ে অর্পিত দায়িত্ব নিষ্ঠার সাথে পালন করার জন্য অনুরোধ জানান। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৬.০৮.২০২০

**(ড. তরুণ কান্তি শিকদার)**
অতিরিক্ত সচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়